দৈনিক বাংলা

তারিখ ...3.0 MAY 1991...
পৃষ্টা... ১ ...কলাম... ৫ ...

231

ছাত্রদলের সমাবেশ

# ভিসি অফিসে হামলা উদ্দেশ্য প্রণোদিত

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

জাতীয়তাবাদী ছাত্র দল অবিলম্বে ডাঃ মিলনের হত্যাকারী চিহ্নিত সন্ত্রাসীদের গ্রেফতার এবং ভাইস চ্যান্সেলরের অফিসে হামলাকারীদের বিচারের দাবী জানিয়েছে।

এ দাবীতে গতকাল ঢাকা

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## ভিসি অফিসে হামলা

(প্রথম পৃষ্ঠার পর)

বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত এক সমাবেশে সংগঠনের নেতৃবৃন্দ বলেন, জামায়াত নেতা মতিউর রহমান নিজামীর উপস্থিতি ক্যাম্পাসে আমরা চাই না, কিন্তু সন্ত্রাসী কায়দায় বর্বরোচিত হামলাও আবার কাম্য হতে পারে না। ভিসি অফিসে হামলাকে সম্পূর্ণ উদ্দেশ্য প্রণোদিত আখ্যায়িত করে ছাত্রদল নেতৃবৃন্দ বলেন, 'আওয়ামী ছাত্র সংগঠন' ক্যাম্পাসে নৈরাজ্য সৃষ্টির যে চেষ্টা চালাচ্ছে এটা সেই চক্রান্তের অংশ। ছাত্রদল নেতা ইলিয়াস আলী, হাবিব-উন-নবী সোহেল, আলী আকাস নাদিম এবং কামরুজ্জামন রতন সমাবেশে বক্তৃতা করেন।

নেতৃবৃন্দ অভিযোগ করেন যে, ছাত্রলীগ (শাওঅ) ডাঃ মিলনের হত্যাকারীদের আশ্রয় দিয়ে ৯০'এর গণঅভ্যুত্থানের চেতনাকে ধ্বংস করার অপচেষ্টা চালাচ্ছে।